যুগান্তর

MAY 14 2002
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৬...

# 'নিরাপত্তাহীনতার দোহাই দিয়ে ছাত্রলীগের সব সম্মেলন স্থগিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

নিরাপত্তাহীনতার দোহাই দিয়ে ছাত্রলীগের সব সম্মেলন স্থগিত করা হয়েছে। গতকাল সংগঠনের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। সম্মেলন স্থগিতের সিদ্ধান্তে ছাত্রলীগ নেতাকর্মীদের ভেতর বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে সাবেক নেতৃবৃন্দের মধ্যে সুলতান মোহাম্মদ মনসুর, ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও ওবায়দুল কাদের এবং বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শেখরসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এতে রোববার সন্ধ্যায় বাড্ডা থানা ছাত্রলীগের সম্মেলন শেষে বাড়ি ফেরার পথে তেজগাঁও কলেজের ছাত্র সংসদের জিএস সিদ্ধার্থের নিহত হওয়ার ঘটনাসহ সারাদেশে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হয়রানি ও নির্যাতনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। পরে ছাত্রলীগ নেতাকর্মীদের নিরাপত্তাহীনতার কারণে নির্ধারিত সব সম্মেলন স্থগিত করার সিদ্ধান্ত নেয়া হয়।

কেন্দ্রীয় সম্মেলনের পর সংগঠনের মহানগর উত্তর, দক্ষিণ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাব জেলার সম্মেলনের লক্ষ্যে এর বিভিন্ন শিক্ষ প্রতিষ্ঠান ও থানা শাখার সম্মেলনের তারি ইতিপূর্বেই নির্ধারণ করা হয়েছিল। ছাত্রলীগে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জানিয়েছেন, 'এব সপ্তাহ পর থেকে নির্ধারিত সব সম্মেল যথারীতি অনুষ্ঠিত হবে।'